'রাখিব নিরাপদ দেখাব আলোর পথ'

KEEP SAFE AND SHOW THE PATH OF LIGHT

ত্রৈমাসিক

# দিশারী

১ম বর্ষ । ২য় সংখ্যা । জুন ২০১৯









বাংলাদেশ জেল

BANGLADESH JAIL

www.prison.gov.bd

# প্রকাশনা পর্ষদ

## প্রধান উপদেষ্টা

**ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা**
এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ
কারা মহাপরিদর্শক, বাংলাদেশ

## সার্বিক তত্ত্বাবধানে

**কর্নেল মোঃ আবরার হোসেন**
এমপিএইচ, এফসিজিপি
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা

## সম্পাদক

**জনাব মোঃ বজলুর রশীদ**
কারা উপ মহাপরিদর্শক, সদর দপ্তর
কারা অধিদপ্তর, ঢাকা

## পরিষদ সদস্যবৃন্দ

**জনাব মোঃ আমিরুল ইসলাম**
সহকারী কারা মহাপরিদর্শক (ক্রীড়া ও প্রশিক্ষণ)
কারা অধিদপ্তর, ঢাকা

**জনাব রিজিয়া বেগম**
ডেপুটি জেলার, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট
কারা অধিদপ্তর, ঢাকা

**জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন শেখ**
ডেপুটি জেলার, আই সি টি সেল
কারা অধিদপ্তর, ঢাকা

## সহযোগিতায়

**জনাব জগন্নাথ দাস**
ডেপুটি জেলার
পটুয়াখালী জেলা কারাগার




**মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার** নির্দেশে কারাগারে ৬০ বছর যাবৎ সকালের নাস্তার মেন্যু রুটি ও গুড়ের পরিবর্তে সপ্তাহে দুই দিন খিচুড়ি, একদিন হালুয়া রুটি ও চারদিন সবজি রুটি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়। ঢাকা কেন্দ্রীয় কারাগারে ১৬ জুন ২০১৯ তারিখে 'বন্দিদের সকালের নাস্তার মেন্যু পরিবর্তনের' শুভ উদ্বোধন করেন **মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন,** এম পি, এ সময়ে কারা মহাপরিদর্শক **ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ ও অন্যান্য কারা কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।




গত ০৫ জুন ২০১৯ তারিখ **জনাব মোঃ শহিদুজ্জামান,** সচিব, সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে কুষ্টিয়া জেলা কারাগার পরিদর্শনকালে ফুলেল শুভেচ্ছা জানান জেল সুপার জনাব মোঃ জাকের হোসেন এবং অন্যান্য কারা কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।





'বন্দিশালা নয়-কারাগার হবে সংশোধনাগার'- **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা** এই মূলমন্ত্রকে বাস্তবায়নে সমস্যা ও করণীয় বিষয়ে গত ২৫ এপ্রিল ২০১৯ তারিখে কারা মহাপরিদর্শক **ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ দেশের বরেণ্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ও গণমাধ্যম কর্মীদের নিয়ে কারা অধিদপ্তরের সম্মেলন কক্ষে মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সিনিয়র সাংবাদিকবৃন্দ দেশের বর্তমান কারা ব্যবস্থার উন্নয়নে তাদের মূল্যবান মতামত প্রদান করেন।




২৮ জুন ২০১৯ তারিখে বঙ্গবন্ধু ও চার নেতার স্মৃতি বিজড়িত ঢাকার নাজিমউদ্দিন রোডস্থ পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন শীর্ষক প্রকল্প কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন **মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী, জনাব আসাদুজ্জামান খাঁন,** এম.পি। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি **জনাব মোঃ শামসুল হক টুকু,** আরোও উপস্থিত ছিলেন **জনাব মোঃ শহিদুজ্জামান,** সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং কারা মহাপরিদর্শক **ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা,** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ।



কারা বন্দিদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে এবং তাদেরকে কারা পরবর্তী জীবনে সমাজে পূর্নবাসনের লক্ষ্যে বরিশাল কেন্দ্রীয় কারাগারে পাওয়ার লুম মেশিন উদ্বোধন করেন কারা মহাপরিদর্শক **ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ। এ সময়ে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, কারা উপ মহাপরিদর্শক, বরিশাল বিভাগ, এবং অন্যান্য কারা কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ।





আজারবাইজানের রাজধানী বাকুতে অনুষ্ঠিত "Strengthening TB control in prisons of M/XDR – TB high burden countries on the new diagnostics, drugs and regimes" শীর্ষক সম্মেলনে কারা মহাপরিদর্শক **ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ যোগদান করেন। এছাড়া তিনি আজারবাইজনের কারাগার পরিদর্শন করে তাদের কারা ব্যবস্থানা দেখেন।











পৃথিবীর বিভিন্ন দেশের কারা ব্যবস্থা প্যারালিগ্যাল কার্যক্রম এবং বন্দি ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারনা লাভের জন্য ৩০এপ্রিল ২০১৯ হতে ৩০ জুন ২০১৯ তারিখ পর্যন্ত **স্বরাষ্ট্র মন্ত্রণালয়** এবং **'বাংলাদেশ জেল'** এর কর্মকর্তাবৃন্দ আজারবাইজান, মালাউই, ভিয়েতনাম, থাইল্যান্ড এবং মালয়েশিয়া ভ্রমন করেন। তারা ঐসকল দেশের কারাগার সরজমিনে পরিদর্শন করে আধুনিক কারা ব্যবস্থাপনা সম্পর্কে বাস্তব জ্ঞান লাভ করেন।





৮ এপ্রিল ২০১৯ তারিখ কারা অধিদপ্তরে অতিরিক্ত কারা মহাপরিদর্শক পদে যোগদান করেন **কর্নেল মোঃ আবরার হোসেন,** এমপিএইচ, এফসিজিপি। তাকে ফুলেল শুভেচ্ছা জানান কারা মহাপরিদর্শক **ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ।

পহেলা বৈশাখে বাংলা নববর্ষ উপলক্ষ্যে পূর্বে কারাগারগুলোতে পান্তা, ইলিশ পরিবেশন করা হলেও এর জন্য কোন আলাদা বরাদ্দ ছিলনা। এবারই প্রথম বাংলা নববর্ষ উপলক্ষ্যে বন্দিপ্রতি ৩০(ত্রিশ) টাকা বরাদ্দ দেয়া হয় এবং কারা বন্দিদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।



কারাগারগুলোতে আটক সাক্ষাৎপ্রার্থীদের একটি বড় অংশ মহিলা এবং মায়ের সাথে শিশু। সাক্ষাৎপ্রার্থী মায়ের সাথে শিশুদেরকে ব্রেস্ট ফিডিং এর কোন ব্যবস্থা পূর্বে না থাকায় প্রথম বারের মতো ২৮ এপ্রিল ২০১৯ তারিখে মানিকগঞ্জ জেলা কারাগারে সাক্ষাৎকক্ষের পাশে দর্শনার্থী মায়েদের সুবিধার্থে ব্রেস্ট ফিডিং সেন্টার চালু করা হয়।



১১ মে ২০১৯ তারিখে বাংলাদেশ জেল কাশিমপুর কারা কমপ্লেক্স জামে মসজিদে কেরাত ও কোরআন প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রশিক্ষণ শৃংখলা মানবতার পাশাপাশি ধর্মীয় বিষয়ের উপরে গুরুত্বারোপ করা হয়। উক্ত প্রতিযোগিতায় জনাব **মোঃ বজলুর রশীদ,** কারা উপ মহাপরিদর্শক সদর দপ্তর উপস্থিত ছিলেন।



১৯ জুন ২০১৯ তারিখ ঐতিহাসিক পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষন এবং পারিপার্শিক উন্নয়ন সংক্রান্ত প্রকল্পের কাজের অগ্রগতি সরজমিনে পরিদর্শন করেন সুরক্ষা সেবা বিভাগের সম্মানিত সচিব জনাব **মোঃ শহিদুজ্জামান,** এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত কারা মহাপরিদর্শক **কর্নেল মোঃ আবরার হোসেন,** এমপিএইচ, এফসিজিপি ও জনাব **মোঃ বজলুর রশীদ,** কারা উপ মহাপরিদর্শক সদর দপ্তর।




United Nations Office on Drugs and Crime (UNODC) এর সহযোগিতায় তৈরিকৃত The Prisoner Database Management System (PDMS) এর উপর গত ২৩ জুন ২০১৯ তারিখে হোটেল রেডিসনে দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় ৩০ জন কারা কর্মকর্তা অংশগ্রহণ করেন। তাদেরকে ডাটাবেজ এর প্রয়োজনীয়তা ব্যবহার এবং প্রায়োগের উপর দিক নির্দেশনা প্রদান করা হয়। আয়োজিত workshop এ উপস্থিত ছিলেন অতিরিক্ত কারা মহাপরিদর্শক কর্নেল মোঃ আবরার হোসেন, এমপিএইচ, এফসিজিপি, জনাব মোঃ বজলুর রশীদ, কারা উপ মহাপরিদর্শক সদর দপ্তর জনাব পার্থ গোপাল বণিক, কারা উপ মহাপরিদর্শক সিলেট বিভাগ, বাংলাদেশ জেল এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং UNODC কর্মকর্তাবৃন্দ।




গত ১২ জুন ২০১৯ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সুরক্ষা সেবা বিভাগের আয়োজনে কারা কনভেনশন সেন্টার, কারা অধিদপ্তর, ঢাকায় উদ্ভাবনী মেলা ও শোকেসিং প্রোগ্রামের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী, **জনাব আসাদুজ্জামান খাঁন,** এম.পি এবং সভাপতিত্ব করেন **জনাব মোঃ শহিদুজ্জামান,** সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এছাড়া সুরক্ষা সেবা বিভাগের ৪ টি অধিদপ্তরের প্রধানগণ এবং সুরক্ষা সেবা বিভাগের চীফ ইনোভেশন অফিসার ড. তরুন কান্তি শিকদার। মেলায় সুরক্ষা সেবা বিভাগের দপ্তরগুলোর উদ্ভাবনী কার্যক্রমগুলো তুলে ধরা হয়।



গাইবান্ধা জেলা কারাগারের মাদক গ্রহন না করার শপথ অনুষ্ঠান **সুস্বাস্থ্যেই সুবিচার মাদক মুক্তির অঙ্গীকার**-এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মাদক দ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০১৯ তারিখে বাংলাদেশের প্রত্যেকটি কারাগারে মাদক নির্মূলের জন্য বন্দিরা শপথনেয়।



বগুড়া জেলা কারাগারে বিউটি পার্লার কার্যক্রম বাংলাদেশের কারাগারে আটক নারী বর্তমানে মোট বন্দির ৪.২২% শতাংশ। এই নারী বন্দিদেরকে কারাগারে বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হচ্ছে। নারী বন্দিদের যে সকল প্রশিক্ষণ প্রদান করা হয় সেগুলোর মধ্যে অন্যতম হলো বিউটি পার্লারিং।




'মহান স্বাধীনতাদিবস থ্রো-বল প্রতিযোগিতায়' **বাংলাদেশ জেল** দল রার্নাস আপ হওয়ার গৌরব অর্জন করে। গত ৩১ মার্চ ২০১৯ তারিখ অনুষ্ঠানের ফাইনাল খেলায় উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন পুলিশের উপ-মহাপরিদর্শক জনাব মোঃ হাবিবুর রহমান, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মো. বজলুর রশীদ, কারা উপ মহাপরিদর্শক, সদর দপ্তর এবং জনাব মোঃ আমিরুল ইসলাম, সহকারী কারা মহাপরিদর্শক (ক্রীড়া ও প্রশিক্ষণ)।



কুড়িগ্রামে অনুষ্ঠেয় জাতীয় সাইক্লিং প্রতিযোগিতায় ২০১৯ এ **বাংলাদেশ জেল** সাইক্লিং দল প্রথমবারের মতো ০১ টি রৌপ্য এবং ০১ টি ব্রোঞ্জ পদক অর্জন করে।




৩৬ তম জাতীয় ভারোত্তোলন প্রতিয়োগিতা ২০১৯ এ **বাংলাদেশ জেল** দলগতভাবে তৃতীয় স্থান অর্জন করে। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশ জেল প্রথমবারের মতো ভারোত্তলনে স্বর্ণ পদক অর্জন করে। **বাংলাদেশ জেল** দল ০১ টি স্বর্ণ, ০১ টি রৌপ্য এবং ০১টি ব্রোঞ্জ পদক অর্জন করে।






সরকারি কাজে উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে **বাংলাদেশ জেল** এর ১ম এবং ২য় শ্রেণীর কর্মকর্তাদের নিয়ে ৪টি ০১ দিনব্যাপী , ০২টি ০২ দিনব্যাপী এবং ০১টি ৫দিন ব্যাপী কর্মশালার আয়োজন করা হয় । ইনোভেশন সংক্রান্ত দিনব্যাপী কর্মশালা-২ এ বক্তব্য রাখছেন কারা মহাপরিদর্শক **ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ । অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের চীফ ইনোভেশন অফিসার এবং সরকারের অতিরিক্ত সচিব **ড.তরুন কান্তি শিকদার** ।




আইনগত সহায়তা দিবসে নারায়ণগঞ্জ জেলা কারাগারের র‍্যালি গত ২৮ এপ্রিল ছিল আইনগত সহায়তা দিবস । সারা দেশের ন্যায় কারাগারগুলোতে যথাযথ উৎসাহ, উদ্দীপনা নিয়ে জাতীয় আইনগত সহায়তা দিবস পালন করা হয় এবং দেশের বিভিন্ন কারাগার সরকারি খরচে আইনগত সহায়তা প্রদান বিষয়ে আলোচনা সভার আয়োজন করা হয় ।




জাতীয় আইনগত সহায়তা দিবস ২০১৯ উপলক্ষ্যে বন্দিদের তৈরি উৎপাদিত বিভিন্ন হস্তশিল্পের প্রদশর্ণী ও বিক্রয় কেন্দ্র । কারাগারকে সংশোধনাগার হিসেবে গড়ে তুলতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী কারাগারে কয়েদিদের দ্বারা উৎপাদিত পন্যের ৫০% লভ্যাংশ বন্দিদের মাঝে বিতরণ করা হচ্ছে ।




২৫ জুন ২০১৯ তারিখ চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে আটক বন্দীদের জন্য ৫০০ টি সিলিং ফ্যান ও ৫০ টি এল ই ডি টেলিভিশন প্রদান করেন সিটি মেয়র **জনাব আ.জ. ম নাছির উদ্দীন** । এ সময়ে উপস্থিত ছিলেন চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের সিনিয়র জেল সুপার, জেলার ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ ।



সুনামগঞ্জ জেলা কারাগারের মৎস্য প্রশিক্ষণ কার্যক্রম জাতির **জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান** ৪ঠা জুলাই ১৯৭২ সালে এক ভাষণে বলেন মাছ হবে দ্বিতীয় প্রধান বৈদেশিক মুদ্রা অর্জনকারী সম্পদ । বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে কারাগার গুলোতে নেয়া হয়েছে মৎস্য ও হাস-মুরগী পালন প্রশিক্ষণ প্রদান প্রকল্প ।

# লোকান্তর



**জনাব মাসুদ পারভেজ মঈন,** জেলার, বরগুনা জেলা কারাগার, গত ১৯ জুন ২০১৯ তারিখ বেলা ১২.৫০ ঘটিকায় মৃত্যুবরণ করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)



**জনাব আব্দুস সালেক সরকার,** প্রধান কারারক্ষী নং-০৩৫১৬, বগুড়া জেলা কারাগার, গত ০৪ এপ্রিল ২০১৯ তারিখ মৃত্যুবরণ করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)



**জনাব মোঃ কাদের মোল্লা,** কারারক্ষী নং-০৪৬৮২, মাগুরা জেলা কারাগার, গত ২৪ এপ্রিল ২০১৯ তারিখ মৃত্যুবরণ করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)




**জনাব এ, কে, এম শাখাওয়াত হোসেন,** কারারক্ষী নং-১২৫৫১, মাগুরা জেলা কারাগার, গত ২৪ এপ্রিল ২০১৯ তারিখ মৃত্যুবরণ করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)


## কারা কর্মকর্তা/কর্মচারীদের র‍্যাংক ব্যাজ ও শোল্ডার লেটার



কারা উপ মহা পরিদর্শক কলার জর্জেট



অতিঃ কারা মহা পরিদর্শক কলার জর্জেট



কারা মহা পরিদর্শক কলার জর্জেট




ডেপুটি জেলার




জেলার/
ডেপুটি জেল সুপার




জেল সুপার




সিনিয়র জেল সুপার




কারা উপ মহাপরিদর্শক




অতিরিক্ত কারা মহাপরিদর্শক




কারা মহাপরিদর্শক




কারারক্ষি




সহকারী প্রধান কারারক্ষি




প্রধান কারারক্ষি




সর্ব প্রধান কারারক্ষি




সার্জেন্ট ইন্সট্রাক্টর

(ক) কারা মহা পরিদর্শক ঃ শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ এবং সোর্ড ও ব্যাটন এর একটি ক্রস ব্যাজ থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(খ) অতিরিক্ত কারা মহা পরিদর্শক ঃ শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ এবং তিনটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(গ) কারা উপ মহাপরিদর্শক ঃ শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ এবং দুইটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ঘ) সিনিয়র জেল সুপার ঃ শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ এবং একটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ঙ) জেল সুপার/সহকারী কারা মহাপরিদর্শক ঃ শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(চ) ডেপুটি জেল সুপার/জেলার ঃ শোল্ডারে তিনটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ছ) ডেপুটি জেলার ঃ শোল্ডারে দুইটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(জ) সার্জেন্ট ইন্সট্রাক্টর ঃ শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ এবং ব্যাজের নিচে ০৮ মি.মি. চওড়া লাল, হলুদ ও নীল রংয়ের একটি রিবন যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ঝ) সর্ব প্রধান কারারক্ষী/চীফ মেট্রন ঃ শোল্ডারে দুইটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে ০৮ মি.মি. চওড়া লাল, হলুদ ও নীল রংয়ের একটি রিবন ও শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ঞ) প্রধান কারারক্ষী/মেট্রন ঃ শোল্ডারে একটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে ০৮ মি.মি. চওড়া লাল, হলুদ ও নীল রংয়ের একটি রিবন ও শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ট) সহকারী প্রধান কারারক্ষী/সহকারী মেট্রন ঃ শোল্ডারে ভি আকৃতির দুইটি শিভরণ ও শিভরণের নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ঠ) কারারক্ষী/মহিলা কারারক্ষী ঃ শোল্ডারে বাহুর সংযোগস্থলে শোল্ডার লেটার স্থাপিত হইবে।